

বিদ্যুৎ বিভাগের ২০১৮-১৯ অর্থ-বছরের উল্লিখিত অর্জনসমূহ

- (০১) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। বিদ্যুৎ গ্রাহক সংখ্যা ৩ কোটি ৩ লক্ষ হতে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ অর্থ-বছরে ৩ কোটি ৪৩ লক্ষে উন্নীত হয়েছে; অর্থাৎ ৪০ লক্ষ নতুন গ্রাহক প্রতিবেদনাধীন অর্থ-বছরে বিদ্যুৎ সংযোগ পেয়েছে।
- (০২) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ৯০ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ অর্থ-বছরে শতকরা ৯৪ ভাগে উন্নীত হয়েছে ; অর্থাৎ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ০৪ ভাগ বৃদ্ধি পেয়েছে।
- (০৩) ২০১৮-১৯ অর্থ-বছরে বিদ্যুতের বিতরণ সিস্টেম লস ৯.৬০ শতাংশ হতে ০.২৫ শতাংশ হ্রাস পেয়ে ৯.৩৫ শতাংশে পৌঁছেছে।
- (০৪) মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪৬৪ কিলোওয়াট ঘন্টা হতে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ অর্থ-বছরে ৫১০ কিলোওয়াট ঘন্টায় উন্নীত হয়েছে ; অর্থাৎ মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪৬ কিলোওয়াট ঘন্টা বৃদ্ধি পেয়েছে।
- (০৫) ২০১৮-১৯ অর্থ-বছরে সর্বমোট ৭৫ হাজার কিলোমিটার বিতরণ লাইন এবং ৫২৮ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করা হয়।
- (০৬) ২০১৮-১৯ অর্থ-বছরে ৩,৪৯৩ মেগাওয়াট বিদ্যুৎ (আমদানিসহ) জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে।